

ফিল্ডেট
৪৭

ও লেভেল পরীক্ষা দুই ছাত্রীর বিশ্বসেরা সাফল্য অর্জন

নিজস্ব বার্তা পরিবেশক

কেমব্রিজ ইন্টারন্যাশনাল এক্সামিনেশনের ও লেভেল পরীক্ষায় বাংলাদেশের দুই ছাত্রী বিশ্বসেরা সাফল্য অর্জন করেছে। গতকাল মঙ্গলবার বিকেলে ধানমন্ডির অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল অডিটোরিয়ামে কেমব্রিজ ইন্টারন্যাশনাল এক্সামিনেশনের (অক্টোবর/নভেম্বর সেশনের ও লেভেল পরীক্ষায় কৃতী ছাত্রছাত্রীদের মাঝে সনদ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ সময় জানানো হয়, অক্সফোর্ড স্কুলের ছাত্রী শারমীন খানপুর এবং সাজিয়া মেরাজ যথাক্রমে বাংলায় এবং গণিতে বিশ্বে সর্বোচ্চ নম্বর অর্জন করে।

কেমব্রিজ ইউনিভার্সিটির দক্ষিণ এশিয়া অঞ্চলের পরিচালক উইলিয়াম বিকারস্ট্রিক প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে বিপুল ও বাংলাদেশের সর্বোচ্চ নম্বরধারী কৃতী ছাত্রছাত্রীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলের অধ্যক্ষ ও স্কুল প্রধান উইলিয়াম মার্ক পার্কিনসন, ৪ এবং এ লেভেল সেকশনের সমন্বয়ক ত্রি এম নিজাম উদ্দিন।

সনদপত্র বিতরণ অনুষ্ঠানে পার্কিনসন তার বক্তব্যে একজন শিক্ষার্থীর পুন্দের ভবিষ্যৎ গড়ার ক্ষেত্রে অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুলের দক্ষতার কথা জুড়ে ধরেন।

স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে এ অনুষ্ঠান শুরু হয় এবং সনদ বিতরণ শেষে স্কুলের ছাত্রছাত্রীদের পরিবেশিত এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।